তারিখ 08 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক বাংলা

# চট্টগ্রাম ভার্সিটি বিএ (পাস) পরীক্ষায় ফেলের হার ৭২.২

চট্টগ্রাম, ৭ই অক্টোবর (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএ পাস পরীক্ষা ১৯৯০-এর ফল আজ ঘোষণা করা হয়েছে।

২০ হাজার ৫৮৪ জন নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে মোট ৫ হাজার ৭৩১

(৫-এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

জন কৃতকার্য হয়। পাসের শতকরা হার ২৭ দশমিক ৮।

দু'জন পরীক্ষার্থী প্রথম বিভাগে, ৫৬৩ জন দ্বিতীয় বিভাগে এবং ৫ হাজার ১৬৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

পরীক্ষায় ৬ হাজার ৯০৮ জন বাইরের প্রার্থী ছিল। তাদের মধ্যে এক হাজার ৩৪৭ জন পাস করে। পাসের শতকরা হার ১৯ দশমিক ৪। কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে ২২৭ জন দ্বিতীয় বিভাগে, এক হাজার ১২০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

মোট এক হাজার ১০৫ জন ১৯৮৯ সালের সাপ্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহণ করে। তাদের মধ্যে ৭৮৫ জন পাস করে।

পাসের শতকরা হার ৭১ জন।

চট্টগ্রাম সরকারী কলেজ থেকে সবচেয়ে বেশী সংখ্যক পরীক্ষার্থী কৃতকার্য হয়। ২৩২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৫৭ জন পাস করে। এ কলেজ থেকে দুজন পরীক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ হয়।

চট্টগ্রাম সরকারী মহিলা কলেজ দ্বিতীয় স্থান অধিকার করে। পাসের শতকরা হার ৬১ দশমিক ৬। নোয়াখালী সরকারী কলেজ তৃতীয় স্থান অধিকার করে। শতকরা ৬৮ দশমিক ৫ জন ছাত্রী কৃতকার্য হয়।

লালমাই কলেজ ও গুণবতী কলেজ থেকে কোন পরীক্ষার্থী পাস করেনি। কিছু অনিয়মের জন্য বাদুরা শহীদ স্মৃতি কলেজের ফল স্থগিত রাখা হয়েছে।

27